# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

সচিবালয়

ফোনঃ ০২২২২২৩০০৫৩
ই-মেইলঃ bwdbsecretary@gmail.com
ওয়েবসাইটঃ www.bwdb.gov.bd

পানি ভবন (লেভেল-৭),
৭২,গ্রীণ রোড, ঢাকা-১২০৫

Phone: 02222230053
e-mail:bwdbsecretary@gmail.com
website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-২৬০

তারিখ: ১২ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ
২৭ জুলাই, ২০২১ খ্রিষ্টাব্দ

## পরিপত্র

**বিষয়ঃ ডেঙ্গু প্রতিরোধ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে অবহিত করা যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ মহামারির মধ্যে বর্তমান বর্ষা মৌসুমে ডেঙ্গু জ্বরের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। বর্তমানে কোভিড-১৯ এ আক্রান্তের পাশাপাশি ডেঙ্গুজ্বরে আক্রান্তের হার ও বৃদ্ধি পেয়েছে। এমতাবস্থায়, ডেঙ্গু প্রতিরোধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সদর দপ্তরসহ মাঠ পর্যায়ের সকল দপ্তরকে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।

১. সকল দপ্তরের অভ্যন্তরে ও আঙিনায় রক্ষিত ফুলের টব, প্লাস্টিকের পাত্র, মাটির পাত্র, বালতি, টিনের কৌটা ইত্যাদিতে জমে থাকা পানি নিয়মিতভাবে পরিষ্কার করতে হবে।

২. সকল দপ্তরের অভ্যন্তরে ও আঙিনায় রক্ষিত অপসারণযোগ্য টিনের কৌটা, ডাবের খোসা/নারিকেলের মালা, কন্টেইনার, মটকা, নষ্ট টায়ার ইত্যাদি অপসারণ করতে হবে।

৩. প্রত্যেক দপ্তরের আনাচ-কানাচে পৌরসভা/সিটি কর্পোরেশনের সহযোগিতায় মশার স্প্রে বা ওষুধ ছিটাতে হবে যাতে এসব স্থানে কোনোভাবেই মশা আশ্রয় নিতে না পারে।

৪. এসির নিচে জমে থাকা পানি নিয়মিতভাবে পরিষ্কার করতে হবে।

৫. দপ্তর আঙিনায় গড়ে ওঠা ঝোপঝাড়, আগাছা ইত্যাদি নিয়মিতভাবে পরিষ্কার করতে হবে।

৬. কোন দপ্তর উপর্যুক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনে ব্যর্থ হলে পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট দপ্তর প্রধানের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মহাপরিচালক মহোদয়ের আদেশক্রমে এ পরিপত্র জারী করা হলো।

২৭/০৭/২০২১
মোঃ মুজিবুর রহমান
সচিব
বাপাউবো, ঢাকা

অনুলিপি (জ্ঞাতার্থে) ঃ

১. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৭/০৭/২০২১
সচিব
বাপাউবো, ঢাকা

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

**অনুলিপি সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ**

১. দপ্তর প্রধান, সকল দপ্তর (সদর দপ্তর ও মাঠ পর্যায়), বাপাউবো।

২. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৪-৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।